

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৬৮-আইন/২০২২/১৮১-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (ন্যায্য বাজারমূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

- (ক) বিধি ২ এর দফা (ক) এর পর নিম্নরূপ নূতন দফা (কক) সন্নিবেশিত হইবে, যথা:-
“(কক) “অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনার” অর্থ আইনের ধারা ৭৮ এর অধীন নিয়োগকৃত অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনার;”;
- (খ) বিধি ৩ এর উপ-বিধি (২) এর শর্তাংশে উল্লিখিত “কমিশনারের” শব্দের পরিবর্তে “অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনারের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) বিধি ৪ এ উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) বিধি ৮ এর-
- (অ) সকল স্থানে “কমিশনার” শব্দের পরিবর্তে “অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (আ) উপ-বিধি (৩) এ উল্লিখিত “কমিশনারের” শব্দের পরিবর্তে “অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনারের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঙ) বিধি ৯ এ উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(চ) বিধি ১০ এর-

(অ) উপ-বিধি (২) এ উল্লিখিত “কমিশনারের” শব্দের পরিবর্তে “অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনারের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) উপ-বিধি (২) এ উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ছ) বিধি ১১ এর-

(অ) উপ-বিধি (১) এ উল্লিখিত “কমিশনারকে” শব্দের পরিবর্তে “অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনারকে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) উপ-বিধি (২) এ উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী রেজাউল হাসান)

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)